



আপনার শিশুর যত্ন নিন এবং তা'কে পাঁচ মাস বয়স থেকে
এসব কিছু কিছু নরম করে খেতে দিন

বিসিসি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ডি,এফ,পি- ৬৬২-৮/১/২০০১

সঞ্চয়পত্রের মুনাফার হার অপরিবর্তিতই রয়েছে

২৯শে জুন, ২০০০ইং তারিখের বাজেট ২০০০-২০০১-এর সমাপনী বক্তৃতায় মাননীয় অর্থমন্ত্রী ক্ষুদ্র সঞ্চয়কারীদের স্বার্থ বিবেচনায় সেভিংস ইনস্ট্রুমেন্টের উপর প্রদেয় মুনাফার হার হ্রাস করার ৮ই জুন, ২০০০ইং এর প্রস্তাব প্রত্যাহার করেন। একই সাথে তিনি সেভিংস ইনস্ট্রুমেন্টের উপর প্রদেয় মুনাফার উপর উৎসে আয়কর কর্তনের বিধান বহাল রাখার প্রস্তাব করেন- যা ঐ সময় জাতীয় সংসদ কর্তৃক অনুমোদিত হয়।

এ বিষয়ে কোন প্রকার অস্পষ্টতা বা বিভ্রান্তি থাকার কথা নয়, তথাপি সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ২০০০-২০০১ সালের বাজেট অধিবেশনের পূর্বে সঞ্চয় ইনস্ট্রুমেন্টের মুনাফার হার যা ছিল তাই বলবৎ রয়েছে। মুনাফার হার নিম্নরূপঃ

সঞ্চয়পত্রের নাম	মেয়াদ	মুনাফা
১। প্রতিরক্ষা সঞ্চয়পত্র	৮ বছর	১৭.৭৫% (মেয়াদান্তে)
২। ৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র	৫ বছর	১৪.৫০% (মেয়াদান্তে)
৩। পরিবার সঞ্চয়পত্র	৫ বছর	১৩.২০% মাসিক মুনাফা প্রদেয়
৪। ৩ মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র	৩ বছর	১৩.৫০% ত্রৈমাসিক মুনাফা প্রদেয়
৫। ৬ মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র	৫ বছর	১৩.৫০% ষান্মাসিক মুনাফা প্রদেয়
৬। জামানত সঞ্চয়পত্র	৩ বছর	৬% (মেয়াদান্তে)

একই সাথে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 52D ধারা বিধান অনুযায়ী সেভিংস ইনস্ট্রুমেন্টের প্রদেয় মুনাফার উপর উৎসে আয়কর কর্তনের বিধান অপরিবর্তিত আছে। অর্থাৎ ১০ই জুন, ১৯৯৯ইং তারিখের পরে ক্রয়কৃত সকল সেভিংস ইনস্ট্রুমেন্টের উপর প্রদেয় মুনাফা এক অর্থ বছরে ২৫,০০০/- টাকার বেশি হলে সম্পূর্ণ অংকের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন করা হয়। উদাহরণ স্বরূপ কাহারও প্রদত্ত মুনাফা ২৬,০০০/- টাকা হলে ২,৬০০/- টাকা আয়কর কর্তন করা হবে। এক্ষেত্রে ২৫,০০০/- টাকার অতিরিক্ত ১,০০০/- টাকার ১০% বা ১০০/- টাকা নয়। মুনাফার উপর কর কর্তনের এই হিসাব এক অর্থ বছরের মধ্যে সীমাবদ্ধ রাখা হয়।

উল্লেখ্য, ১০ই জুন, ১৯৯৯ বা এর আগে খরিদকৃত সেভিংস ইনস্ট্রুমেন্টের ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য নয়।

জাতীয় সঞ্চয় পরিদপ্তর

ডি,এফ,পি- ৬৮৬-৮/১/২০০১

অঘোষিত আয় ঘোষণার সুযোগ নিন

আয়কর বিভাগে ঘোষণা দেয়া হয়নি এরূপ কোন আয় বা সম্পদ থাকার জন্য আপনি কি চিন্তিত?

কর অনারোপিত আয় ঘোষণার মাধ্যমে আপনি এই সমস্যা থেকে মুক্ত হতে পারেন। ১০% আয়কর প্রদান সাপেক্ষে আগামী ৩০শে জুন, ২০০১ তারিখ পর্যন্ত এরূপ অঘোষিত আয় ঘোষণার সুযোগ পাওয়া যাবে। এই ঘোষণা আয়কর কর্তৃপক্ষ বিনা প্রশ্নে গ্রহণ করবেন এবং একখানি প্রাপ্তি স্বীকার পত্র দিবেন যা ঘোষিত আয় গৃহীত হওয়ার প্রমাণ পত্র হিসেবে বিবেচিত হবে।

বিস্তারিত তথ্যের জন্য আপনার সংশ্লিষ্ট কর সার্কেলে বা জাতীয় রাজস্ব বোর্ডে (টেলিফোনঃ ৮৩১৮১২০-২৬ এক্সটেনশন- ২৯৬, ২৩৭) যোগাযোগ করুন।

জাতীয় রাজস্ব বোর্ড

Website: <http://www.nbr-bd.org>

E-mail: member_tp@nbr-bd.org

ডি,এফ,পি- ৬৮৯-৮/১/২০০১